**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**www.fid.gov.bd**

# আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেন্‌স চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২১-২২ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব বদরে মুনির ফেরদৌস, যুগ্মসচিব ও আহবায়ক, সিটিজেন্‌স্ চার্টার কমিটি

স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ-৩৩১, ভবন-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা

তারিখ ও সময় : ৩০ মার্চ ২০২২, বুধবার, দুপুর ০২:৩০টায়

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেন্‌স চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে উপসচিব ও কমিটির সদস্য সচিব জনাব মোঃ গোলাম মোস্তফা এ বিভাগের বর্তমান সিটিজেন্‌স চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণ এ বিভাগের বিদ্যমান সিটিজেন্‌স চার্টার (পরিশিষ্ট-খ) হতে ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে নির্ধারণ করেন এবং পর্যালোচনার নিমিত্ত তাৎক্ষণিক নির্ধারিত সেবাসমূহের নথি শাখা হতে সংগ্রহ করে সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সময়াবদ্ধ সেবা দেয়া হয়েছে কিনা তা পরীক্ষা করা হয়।

তাছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২** বাস্তবায়ন সংক্রান্ত এপিএ গাইডলাইন ২০২১-২২ প্রণয়ন করা হয়েছে যা সভায় আলোচনার নিমিত্ত উপস্থাপন করা হয়।

১। কমিটির কার্যপরিধি (ক) অনুযায়ী নিম্ন বর্ণিত ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয়:

| ক্রমিক | সেবাসমূহের বিবরণ | কর্মকর্তার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | তথ্য অধিকার আইন মোতাবেক তথ্য প্রদান<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.২৩৪.২২.০০২.২২ | মোঃ সফিউল আলম<br>উপসচিব | সিটিজেন্‌সস্ চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়। |
| ২. | প্রকল্পের/কর্মসূচি অর্থ ছাড়<br>নথি নম্বর -৫৩.০০.০০০০.৪৩১.১৪.০১৪.১৯(১) | কামরুল হক মারুফ<br>উপসচিব | |
| ৩. | এ বিভাগের আওতাধীন বিশেষায়িত ব্যাংকসমূহের বাজেট অনুমোদন সংক্রান্ত কার্যক্রম<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.৩২২.২০.০২.২০ | শেখ সিদ্দিকুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব | |
| ৪. | বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বীমা কর্পোরেশন এর বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য বহিঃনিরীক্ষক (চার্টার্ড একাউনটেন্টস) নিয়োগ<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.২২২.৫৩.০০৭.২০ | মোহাম্মদ এনামুল হক<br>উপসচিব | |
| ৫. | এ বিভাগের আওতাধীন আইডিআরএ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশন এর দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা (TO&E) অনুমোদন/সংশোধন সংক্রান্ত কার্যক্রম<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.৪১১.২৮.০০৪.১৭ | মোঃ জাহিদ হোসেন<br>উপসচিব (বীমা) | |
| ৬. | এ বিভাগের আওতাধীন বিশেষায়িত ব্যাংকের সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা (TO&E) অনুমোদন/সংশোধন সংক্রান্ত কার্যক্রম<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.৩২২.২৮.০১.২২ | শেখ সিদ্দিকুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব | |
| ৭. | এ বিভাগের আওতাধীন এনজিও ফাউন্ডেন এর পরিচালনা পর্ষদের সদস্য মনোনয়ন সংক্রান্ত কার্যক্রম<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৮ | কামরুল হক মারুফ<br>উপসচিব | |
| ৮. | এ বিভাগ এবং আওতাধীন ব্যাংক, বীমা সংস্থা ও আর্থিক | মীনাক্ষী বর্মন | |

| ক্রমিক | সেবাসমূহের বিবরণ | কর্মকর্তার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| | প্রতিষ্ঠানের কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ এর অনুমতি প্রদান সংক্রান্ত কার্যক্রম<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.২৩১.২৫.০৩৪.১৮ | উপসচিব (প্রশাসন) | |
| ৯. | অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) মঞ্জুর<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.২৩১.২৫.০৩৩.১৮ | মোঃ সফিউল আলম<br>উপসচিব | |
| ১০. | এ বিভাগের ১০-২০ গ্রেডের কর্মচারীদের পেনশন মঞ্জুরি<br>নথি নম্বর- ৫৩.০০.০০০০.২১১.১৩.০০১.১৮ | মোঃ সফিউল আলম<br>উপসচিব | |

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ বিভাগের ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয় এবং সিটিজেনস চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়। এ বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ত্রৈমাস অন্তর এ বিভাগের সেবাসমূহ দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা অব্যাহত রাখতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ প্রতি ত্রৈমাসিকের শেষ সপ্তাহে এতদসংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ১০০% বাস্তবায়নের জন্য ০৮ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য ৩য় ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি গত ২৯.০৩.২০২২ তারিখে ওয়েবসাইটে হালনাগাদ করা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত এপিএ লক্ষ্যমাত্রায় ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, ইতোমধ্যে এ বিষয়ে ২ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ৫ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য এপিএ তে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর বিপরীতে ১ টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৭ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |

**বিগত ডিসেম্বর/২০২১ (২য় ত্রৈমাসিক) মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | আর্থিত প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ বিভাগের ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয় এবং সিটিজেনস চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়। এ বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে। | আর্থিত প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ত্রৈমাস অন্তর এ বিভাগের সেবাসমূহ দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা অব্যাহত রাখতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ প্রতি ত্রৈমাসিকের শেষ সপ্তাহে এতদসংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ১০০% বাস্তবায়নের জন্য ০৮ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত এপিএ লক্ষ্যমাত্রায় ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, ইতোমধ্যে এ বিষয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ৫ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য এপিএ তে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৭ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি |

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/**
**৩০.০৩.২০২২**
(বদরে মুনির ফেরদৌস)
যুগ্মসচিব
ও
আহবায়ক
সিটিজেন্স চার্টার কমিটি
ফোন: ৯৫৪৬৩৩৩

স্মারক নং: ৫৩.০০.০০০০.২১৩.৯৯.০০২.২১. ৯৫ তারিখ: ৩০ মার্চ ২০২১

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। জনাব কামরুল হক মারুফ, উপসচিব (বীমা) এবং সদস্য, সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৬। জনাব মাকছুমা আকতার বানু, উপসচিব (বাজেট) এবং সদস্য, সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৭। উপসচিব (প্রশাসন), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৮। জনাব মোঃ গোলাম মোস্তফা, উপসচিব এবং সদস্য-সচিব, সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৯। মোহাম্মদ এনামুল হক, উপসচিব (আইসিটি) এবং সদস্য, সিটিজেন্‌সস্‌ চার্টার কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৩। প্রোগ্রামার (আইসটি), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটের সিটিজেন্‌সস্‌ চার্টার অংশে প্রদর্শনের অনুরোধসহ)।

৩০/৩/22

(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ও
সদস্য সচিব
সিটিজেন্‌স চার্টার কমিটি